

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৮

জ্যৈষ্ঠ ৯, ১৪২৬
তারিখ : -----
মে ২৩, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।


প্রিয় মহোদয়,

Annual Development Program (ADP) এর আওতায় প্রাপ্ত অর্থ এবং
সরকারি, আধা-সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত
সংস্থার নিজস্ব তহবিলের অর্থ আমানত রাখা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর ২০ মে ২০১৯ তারিখের স্মারক
নং-৫৩.০০.০০০০.৩৩১.২২.০০১.১৯-১৫৩ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত স্মারকে
বর্ণিত নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনাদের বিশ্বস্ত,


(রূপ রতন পাইন)
উপমহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৩৩৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা
www.fid.gov.bd

০৬ জ্যৈষ্ঠ ১৪২৬

নম্বর-৫৩.০০.০০০০.৩৩১.২২.০০১.১৯-১৫৩

তারিখঃ -----
২০ মে ২০১৯

বিষয়ঃ Annual Development Program (ADP) এর আওতায় প্রাপ্ত অর্থ এবং সরকারি, আধা-সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার নিজস্ব তহবিলের অর্থ আমানত রাখা প্রসংগে।

সূত্রঃ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং: ৫৩.০০.০০০০.৩৩১.২২.০০১.১৮-২০৫ তারিখ: ০১-০৮-২০১৮


উপর্যুক্ত বিষয়ে বর্ণিত অর্থ আমানত রাখা সংক্রান্ত সূত্রে উল্লিখিত স্মারকের নির্দেশনা পুনর্বিবেচনাক্রমে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

“স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প বাস্তবায়নের জন্য Annual Development Program (ADP) এর আওতায় সরকার থেকে প্রাপ্ত তহবিল এবং সরকারি, আধা-সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার মোট নিজস্ব তহবিলের অর্থ বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় নিয়োজিত সকল ব্যাংকে অথবা এ বিভাগ কর্তৃক সূত্রস্থ স্মারকে বর্ণিত অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানে (NBFi) অথবা উভয় ধরনের প্রতিষ্ঠানে প্রযোজ্য ক্ষেত্রে Special Notice Deposit (SND), সঞ্চয়ী হিসাব এবং স্থায়ী আমানত (FDR) এ সর্বোচ্চ ৬% হারে আমানত রাখা যাবে”।

০২। যে সকল ব্যাংক বিগত ০২-০৮-২০১৮ খ্রিঃ তারিখে প্রদত্ত প্রতিশ্রুতি অনুযায়ী ঋণের সুদের হার ৯% এ নামিয়ে আনতে ব্যর্থ হয়েছে তারা এ সুবিধা প্রাপ্য হবে না।

০৩। এ নির্দেশনা জারির তারিখ হতে কার্যকর মর্মে গণ্য হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশনা জারি করা হলো।


(মোঃ জেহাদ উদ্দিন) ২০/৫/২০১৯
উপসচিব
ফোন-৯৫৯২৪৫০
ই-মেইলঃ niti@fid.gov.bd

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৫। সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৬। চীফ এক্সিকিউটিভ অফিসার/ব্যবস্থাপনা পরিচালক/
..... তফসিলী ব্যাংক (সকল)।
- ৭। যুগ্ম-সচিব (বাজেট ১/২), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। যুগ্ম-সচিব (ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। ব্যবস্থাপনা পরিচালক.....(সংশ্লিষ্ট) অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (NBFi)।
- ১২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা(সকল) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। প্রোগ্রামার, আইটি শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

D:\Letter

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা
www.fid.gov.bd

নথি নম্বর-৫৩.০০.০০০০.৩৩১.২২.০০১.১৮-২০৫

১৭ শ্রাবণ, ১৪২৫
তারিখঃ -----
০১ আগস্ট ২০১৮


বিষয়ঃ Annual Development Program (ADP) এর আওতায় প্রাপ্ত অর্থ এবং সরকারি, আধা-সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার নিজস্ব তহবিলের অর্থ আমানত রাখা প্রসঙ্গে।

নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে,

- (ক) বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় নিয়োজিত বেসরকারি ব্যাংকসমূহে অথবা তালিকায় বর্ণিত ১৪টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (NBF) অথবা উভয় ক্ষেত্রে স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প বাস্তবায়নের জন্য Annual Development Program (ADP) এর আওতায় সরকার থেকে প্রাপ্ত তহবিলের সর্বোচ্চ ৫০% পর্যন্ত আমানত হিসেবে জমা রাখা যাবে;
- (খ) বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় নিয়োজিত বেসরকারি ব্যাংকসমূহে অথবা তালিকায় বর্ণিত ১৪ টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (NBF) অথবা উভয় ক্ষেত্রে সরকারি, আধা-সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার মোট নিজস্ব আমানতের সর্বোচ্চ ৫০% অর্থ জমা রাখা যাবে;
- (গ) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং- ৫৩.০০.০০০০.৩৩১.৯৯.০০১.১৭-২৮১ তারিখ: ২৬-১১-২০১৭ এর কার্যকারিতা এতদ্বারা রহিত করা হলো।
- (ঘ) এ নির্দেশনা জারীর তারিখ হতে ২৫-১১-২০১৮ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- (ঙ) অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের (NBF) এর তালিকাঃ

(১)	ডেন্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কোম্পানী লিঃ	(৮)	মাইডাস ফাইন্যান্সিং লিঃ
(২)	আইডিএলসি ফিন্যান্স লিমিটেড	(৯)	ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিঃ
(৩)	ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিঃ	(১০)	ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিঃ
(৪)	বে-লীজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	(১১)	প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লিঃ
(৫)	ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোং লিঃ	(১২)	ইউনাইটেড ফাইন্যান্স লিঃ
(৬)	আইপিডিসি ফাইন্যান্স লিঃ	(১৩)	উত্তরা ফিন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিঃ
(৭)	লংকাবাংলা ফিন্যান্স লিঃ	(১৪)	মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিঃ

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশনা জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


২-৮-২০১৮

(মৃত্যুঞ্জয় সাহা)
উপসচিব

ফোন: ৯৫৭৬০৪০

ই-মেইলঃ fid.niti@gmail.com

চলমান পাতা-২